

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চিকনাগল, সিলেট

বিষয়ঃ কোম্পানির অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রদান বিষয়ে সেবা গ্রহিতা/অংশীজনের সহিত অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
কোম্পানি সচিব ও ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)।
সভার তারিখ : ১২-০৪-২০২১
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
স্থান : অনলাইন (জুম)
উপস্থিতি : রেকর্ডেড

সভার শুরুতে কোম্পানির GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সংশ্লিষ্টদের অবহিত করেন যে, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির (এপিএ) কর্মপরিকল্পনায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রদান বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে চলতি অর্থ বছরের জুন মাসের মধ্যে ০৪টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তারই অংশ হিসেবে অদ্যকার সভা অনুষ্ঠিত হচ্ছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রদান বিষয়ে সেবা গ্রহিতা/অংশীজনের অবহিতকরণ সভায় প্রাপ্ত অভিযোগ সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।


২। বিস্তারিত আলোচনার পর প্রাপ্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সর্বসম্মতিক্রমে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

#	অভিযোগকারীর নাম, পদবী, দপ্তর	অভিযোগের বিবরণ	আলোচনা/ সুপারিশ	সিদ্ধান্ত/ বাস্তবায়নকারী
১	জনাব মোঃ রায়হান আহম্মদ প্রকল্প সমন্বয়ক, সিলেট-৮, বিয়ানিবাজার-১ ও কৈলাশটিলা ৭ নং সহ ৩টি কূপ ওয়ার্ক ওভার প্রকল্প।	প্রকল্প এর অফিসের ক্রিনার প্রতিদিন আসে না। ফলে অফিস নোংরা, অপরিষ্কার থাকে। অফিসে নিয়মিত ক্রিনার আসা প্রয়োজন।	অফিস/ বাথরুম পরিষ্কার পরিষ্কার রাখতে নিয়মিত ক্রিনার আসা প্রয়োজন। বিষয়টি নিশ্চিত করার জন্য অফিসে সংশ্লিষ্ট ক্রিনারের নাম/ মোবাইল নম্বর প্রদর্শনের ব্যবস্থা করা এবং রেজিস্টার বুক এর ব্যবস্থা রাখা যেতে পারে।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ-কে অবহিত করা হবে।
২	প্রকৌঃ নিপুন চন্দ্র সমাদ্দার প্রকল্প পরিচালক, বিয়ানিবাজার ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প।	প্রকল্প অফিসে প্রকল্প পরিচালক মহোদয়ের দপ্তরে এয়ার কুলার নেই।	দাপ্তরিক কাজের স্বার্থে প্রকল্প পরিচালক/ প্রকল্প সমন্বয়ক এর অফিসে এসি দেয়া প্রয়োজন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ-কে অবহিত করা হবে।
৩	প্রকৌঃ মোঃ একরামুল হক প্রকল্প সমন্বয়ক, কৈলাশটিলা ৮ নং কূপ খনন প্রকল্প।	প্রকল্প এর জনবল প্রদান। একজন প্রকল্প সমন্বয়ক দিয়ে প্রকল্প চলছে। ফলে প্রকল্পের কাজে বিঘ্ন ঘটছে।	প্রকল্পসহ সকল ফিল্ড/স্থাপনা/ দপ্তরে জনবল সংকট রয়েছে। প্রকল্পের কাজের গতিশীলতা আনয়নে দ্রুত জনবল প্রদান করা প্রয়োজন। জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। আপাতত: কোন জনবল দেয়া যায় কিনা সে বিষয়ে প্রশাসন বিভাগকে অবহিত করা হবে।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ-কে অবহিত করা হবে।



৪	প্রকৌঃ আব্দুল কাদের ভূঞা ব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়ক, প্রকল্প সমন্বয়ক, কৈলাশটিলা ৮ নং কুপ খনন প্রকল্প।	প্রকল্প এর অফিসে পানির ফিল্টার নেই।	নিরাপদ খারার পানি নিশ্চিত করার নিমিত্ত সকল প্রকল্পে/ অফিসে উন্নত মানের পানির ফিল্টার প্রদান করা প্রয়োজন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট বিভাগ-কে অবহিত করা হবে।
৫	প্রকৌঃ মোহাম্মদ সুলতানুল বাহার ব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়ক, এ্যাকারেজ ব্লক ১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প	৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প এর জন্য অফিস প্রদান।	প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত অফিস প্রদান করা প্রয়োজন।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট বিভাগ-কে অবহিত করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২৫/৫/২০২১
 (প্রকৌঃ মোঃ ফারুক হোসেন)

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (প্রশাসন)/(৩০০০ বিপিডি সিআরইউ প্রকল্প)/(হিসাব ও অর্থ)/(টিএস)/(অপারেশন)/(এলপিএম)/(পিএভডি), এসজিএফএল।
- প্রকল্প পরিচালক/ প্রকল্প সমন্বয়কারী (সিলেট-৮, বিয়ানিবাজার-১ ও কৈলাশটিলা ৭ নং সহ ৩টি কুপ ওয়ার্ক ওভার / বিয়ানীবাজার ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প/ প্রকল্প সমন্বয়ক, কৈলাশটিলা ৮ নং কুপ খনন প্রকল্প/ এ্যাকারেজ ব্লক ১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প), এসজিএফএল।
- ফোকাল পয়েন্ট (এপিএ)/(ইনোভেশন)/সিটিজেন চার্টার/(নৈতিকতা কমিটি), এসজিএফএল।